গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল

আইসিটি শাখা

জেলা ইনোভেশন কমিটির ডিসেম্বর ২০২০ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	আনজুমান আরা জেলা প্রশাসক
সভার তারিখ	২০ ডিসেম্বর ২০২০
সভার সময়	বেলা ১৩.০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ,নড়াইল
উপস্থিতি	সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা- পরিশিস্ট ক

"Zoom cloud meeting App" এর মাধ্যমে সভায় সংযুক্ত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত ১৫ নভেম্বর ২০২০ তারিখ অনুষ্ঠিত জেলা ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর জেলা ও উপজেলা পর্যায়ের ইনোভেশন নেটওয়ার্ক এর কার্যক্রমকে আরও গতিশীল ও কার্যকর করার জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন	সভায় এ জেলার ২০১৯-২০ অর্থবছরের জন্য গৃহিত উদ্ভাবনী কর্মপরিকল্পনার মধ্যে যে গুলি চলমান আছে সেগুলিসহ ২০২০-২১ অর্থ বছরে গৃহিত নতুন গৃহিত প্রকল্পসমূহের বর্তমান অবস্থার প্রতিবেদন প্রতিমাসের ০১ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া উপজেলা পর্যায়ে নতুন নতুন প্রকল্প গ্রহণের জন্য উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণ।	২০২০-২০২১ অর্থ বছরে জন্য নতুন করে গৃহিত উদ্ভাবনী কর্মপরিকল্পনা এবং ২০১৯-২০২০ অর্থবছরে গৃহিত চলমান প্রকল্পসমূহের বর্তমান অবস্থার প্রতিবেদন প্রতিমাসের ০১ তারিখে এ কার্যালয়ে জরুরীভিত্তিতে প্রেরণ করতে হবে। এছাড়া উপজেলা পর্যায়ে নতুন নতুন প্রকল্প গ্রহণের জন্য অন্যান্য কর্মকর্তাদের উদ্বুদ্ধ করতে হবে।	১। সকল দপ্তর প্রধান ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। উদ্ভাবনী উদ্যোগ গ্রহণকারী কর্মকর্তা(সকল)
২.	উদ্ভাবনী উদ্যোগের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ	জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন সরকারি দপ্তর কর্তৃক ও বাস্তবায়নাধীন উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে নিয়মিতভাবে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	জেলার সকল দপ্তর প্রধান জেলা পর্যায়ে গৃহীত উদ্যোগসমূহের বাস্তবায়ন প্রতিবেদন এবং উপজেলা পর্যায়ের উদ্যোগসমূহের বাস্তবায়ন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারগণ প্রতিমাসের ৩ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করবেন	১। জেলা পর্যায়ের সকল দপ্তর প্রধান ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৩.	উদ্ভাবনী প্রকল্পসমূহ নিয়মিত পরিদর্শন	জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ ইনোভেশন টিম কর্তৃক নিয়মিত পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়।	জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত উদ্ভাবনী উদ্যোগসমূহ ইনোভেশন টিমের সকল সদস্য নিয়মিত পরিদর্শন করবেন। প্রতিমাসে কমপক্ষে ০৫ দিন স্ব-শরীরে ফিল্ডে উপস্থিত হয়ে ফিল্ড ভিজিট করবেন।এছাড়া প্রকল্পের অগ্রগতি ও মেয়াদের দিকটি বিশেষভাবে খেয়াল রাখতে হবে।	১। জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্যবৃন্দ

৪.	জেলা পর্যায়ে দপ্তর/সংস্থার প্রধানদের সাথে উদ্ভাবনী উদ্যোগের বিষয়ে মত বিনিময়	জেলা পর্যায়ের সরকারি বিভিন্ন/সংস্থার প্রধানদের সাথে উদ্ভাবনী উদ্যোগের অগ্রগতি নিয়ে নিয়মিত সভা করার বিষয়ে আলোচনা করা হয়।	উদ্ভাবনী উদ্যোগসমূহের অগ্রগতির বিষয়ে ত্রৈমাসিক সভা করতে হবে এবং নিয়মিত মনিটরিং করাসহ এ কার্যালয়ে অনুষ্ঠিত ইনোভেশন সার্কেলের ত্রৈমাসিক সভায় চলমান প্রকল্পগুলোর বাস্তবায়ন প্রতিবেদন স্বচিত্রসহ প্রেজেন্টেশন উপস্থাপন করতে হবে।	১। জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের সকল সম্মানিত সদস্য
৫.	উপজেলা পর্যায়ে নিয়মিত ইনোভেশন টিমের সভাকরণ	উপজেলা ইনোভেশন টিম প্রতিমাসে নিয়মিত ইনোভেশন টিমের মাসিক সভা করবেন এবং কার্যবিবরণী প্রতিমাসের ১-৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা করবেন। উপজেলাতে গৃহীত ইনোভেশন উদ্যোগগুলি শতভাগ বাস্তবায়নের বিষয়ে এ টিম কার্যকর ব্যবস্থা নিবেন।	উপজেলা ইনোভেশন টিম প্রতিমাসে নিয়মিত ইনোভেশন টিমের মাসিক সভা করবেন এবং কার্যবিবরণী প্রতিমাসের ১-৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা করবেন।	উপজেলা ইনোভেশন টিম

পরিশিষ্ট-ক

উপস্থিত সদস্যবৃন্দ (জেষ্ঠ্যতার ক্রমানুষারে নয়)	অনুপস্থিত সদস্যবৃন্দ
১.অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),নড়াইল ২. অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক),নড়াইল ৩. উপজেলা নির্বাহী অফিসার,নড়াইল সদর ৪. উপজেলা নির্বাহী অফিসার,লোহাগড়া,নড়াইল ৫. উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া,নড়াইল ৬.উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,নড়াইল ৭. সহকারী কমিশনার(আইসিটি),নড়াইল ৮. জেলা শিক্ষা আফিসার,নড়াইল ৯. সহকারী প্রোগ্রামার,জেলা প্রশাসকের কার্যালয়,নড়াইল ১০. জেলা মৎস্য অফিসার,নড়াইল	১. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নড়াইল ২. জেলা ইনচার্জ, ফাইবার এ্যাটহোম নড়াইল ৩. জেলা প্রানিসম্পদ অফিসার, নড়াইল

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আনজুমান আরা
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫০০.৫০২.৩০.০০২.২০.২৫০

তারিখ: ৭ পৌষ ১৪২৭
২২ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৪) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
৬) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
৭) অতিরিক্ত জেলা প্রশাসক, রাজস্ব, জেলা প্রশাসকের কার্যালয়, নড়াইল
৮) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নড়াইল সদর, নড়াইল
৯) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লোহাগড়া, নড়াইল
১০) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইল
১১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, নড়াইল
১২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, নড়াইল
১৩) জনাব ...., ..., ...

আনজুমান আরা
জেলা প্রশাসক